গাছ লাগান

পরিবেশ বাঁচান

গণপ্রজাত ন্ত্রীবাংলাদেশ সরকার

# ১নং ঘোষপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর ঃ খামারপাড়া, উপজেলা ঃ বোয়ালমারী,জেলাঃফরিদপুর ।

স্মারক নং ঘোষ:/ইউপি- ৮২/২০২৩ তারিখ ঃ ১৩/১১/২০২৩খ্রি:

## ইউনিয়ন আইনশৃংখলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভার স্থান ঃ ঘোষপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

সভার তারিখ ঃ ১৩-১১-২০২৩খ্রিঃ

সময় ঃ সকাল ১০.০০ টা

উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর ঃ

| ক্রমিকনং | উপস্থিত সদস্যদের নাম | পদবী | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ ইমরান হোসেন | ইউ.পি চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ২. | জনাব সাবিনা বেগম | স:ম: সদস্য - ০১ | সদস্য | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মোছাঃ ফেরদৌসি খানম | স:ম: সদস্য - ০২ | সদস্য | স্বাক্ষরিত |
| ৪. | জনাব মোছাঃ আয়শা বেগম | স:ম: সদস্য - ০৩ | সদস্য | স্বাক্ষরিত |
| ৫. | জনাব ফুল মিয়া | সদস্য ০১ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ৬. | জনাব মোঃ ফিরোজ মোল্যা | সদস্য ০২ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| 7. | জনাব মোঃ সেলিম হোসেন | সদস্য ০৩ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ৮. | জনাব মোঃ কামরুল ইসলাম | সদস্য ০৪ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ৯. | জনাব মোঃ জিয়াউর রহমান | সদস্য ০৫ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১০. | জনাব মোঃ নান্নু মিয়া | সদস্য ০৬ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১১. | জনাব মোঃ দেলোয়ার হোসেন | সদস্য ০৭ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১২. | জনাব মোঃ সামচুজ্জামান | সদস্য ০৮ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১৩. | জনাব তপন কুমার সরকার | সদস্য ০৯ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১৪. | জনাব মোঃ সরোয়ার মোল্যা | মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক | সদস্য | স্বাক্ষরিত |
| ১৫. | জনাব মোঃ সাজেদুল হক বাবুল | সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক | সদস্য | স্বাক্ষরিত |
| ১৬. | জনাব কার্নিজ ফাতেমা | পরিবার কল্যাণ সহকারী | সদস্য | স্বাক্ষরিত |
| ১৭. | জনাব মোঃ হাবিবুরর হমান | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা | সদস্য | স্বাক্ষরিত |
| ১৮. | জনাব তাওহীদুর রহমান | ইউনিয়ন সহকারী স্বাস্থ্য পরিদর্শক | সদস্য | স্বাক্ষরিত |
| ১৯. | জনাব মেঃ ইমরান হোসেন | উপ-সহকারী কৃষি কর্মকর্তা | সদস্য | স্বাক্ষরিত |
| ২০. | জনাব মোঃ আবু সাইদ মিয়া | গণ্যমান্য প্রতিনিধি | সদস্য | স্বাক্ষরিত |
| ২১. | জনাব মোঃ শহিদুল মল্লিক | গণ্যমান্য প্রতিনিধি | সদস্য | স্বাক্ষরিত |
| ২২. | জনাব মোহাম্মাদ রিবুল হোসেন | ইউপি সচিব | সদস্য-সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য সূচীঃ ১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
২। সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি পর্যালোচনা।
৩। জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নিরাপত্তা জোরদার করণ এবং গ্রাম পুলিশদের রাত্রিকালীন পাহারা নিশ্চিত করণপ্রসঙ্গে।
৫। বিবিধ।

অদ্যকার আইন শৃংখলা কমিটির সভায় মোঃ ইমরান হোসেন, চেয়ারম্যান সাহেব উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভাপতির আসন গ্রহণ করলে সভার কার্য আরম্ভ করা হয়।

আলোচনা নং-১.১। অদ্যকার সভার শুরুতে সভাপতি সাহেবের অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরনী পাঠান্তে সর্বসম্মতি ক্রমে দৃঢ় করণ করা হয়।

২.১। সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি পর্যালোচনা প্রসঙ্গে ঃ সভাপতি সাহেব উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোয়ালমারী, ফরিদপুর এর উদ্ধৃতি দিয়ে উপস্থিত সকলকে বলেন যে, অত্র ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি পর্যালোচনাসহ সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রন করার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। তিনি এ বিষয়ে বিস্তারিত আলোচনা পূর্বক করণীয় নির্ধারণের জন্য সকলকে অনুরোধ জানান।

উপস্থাপিত বিষয়ে অত্র ইউনিয়ন পরিষদের সদস্য জনাব মোঃ সেলিম হোসেন আলোচনায় অংশ গ্রহণ পূর্বক বলেন যে, আইন শৃংখলা পরিস্থিতি আগের তুলনায় অনেকটা ভাল। তবে মাদক দ্রব্যের ব্যবহার ব্যাপক হারে বেড়ে গেছে এবং এলাকার যুব সমাজকে ধ্বংস করার লক্ষ্যে এ তৎপরতা অব্যাহত রয়েছে। এলাকার বৃহত্তর স্বার্থে সম্মিলিত ও সমন্বিত উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন। অদ্যকার সভার সভাপতি সাহেব বলেন যে, এলাকায় কোন অপরিচিত লোক বা সন্দেহভাজন ব্যক্তির উপস্থিতি পরিলক্ষিত হলে অবিলম্বে সংশ্লিষ্ট থানা বা পুলিশ ফাড়িতে সংবাদ প্রেরণ করবেন। সারা দেশের আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রন করা না গেলে বাংলাদেশ উন্নয়নশীল দেশে উন্নীত হতে ব্যর্থ হবে। জাতিসংঘ বা অন্যান্য দাতা সংস্থার জরীপে বাংলাদেশের অবস্থান খারাপ হলে দেশের সার্বিক উন্নয়ন সম্ভব হবে না। তিনি এ পরিস্থিতির উন্নয়নে মাদকাসক্ত সহ সকল অভিভাবককে সচেতন হতে হবে এবং যার যার অবস্থান হতে এ বিষয়ে কাজ করতে হবে। মাদক সেবী ও মাদক বিক্রেতাদের চিহ্নিত ও তালিকা তৈরী করে উন্মুক্ত স্থান/বিভিন্ন গুরুত্বপূর্ণ অবস্থানে টানিয়ে দিতে হবে। জনাব মোঃ নান্নু মিয়া, ইউপি সদস্য ৬নং ওয়ার্ড বলেন যে, মসজিদ বা অন্যান্য উপাসনালয়ে মাইক ব্যবহার করে কেই যাতে সাধারণ মানুষকে উস্কানী দিয়ে কোন ভাবে কারো বিরুদ্ধে উত্তেজিত করতে না পারে সে বিষয়ে সদা সর্তক থাকবেন, তিনি আরও বলেন পুলিশ প্রশাসন সক্রিয় ভাবে দেশের কাজ করলে এলাকার আইন শৃংখলা পরিস্থিতি সার্বিক ভাবে নিয়ন্ত্রণ করা সম্ভব। তিনি উপজেলা আইন শৃংখলা কমিটির সভায় জোরালো ভাবে এ বিষয়টি উপস্থাপনের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন।

৩.১। গ্রাম পুলিশদের রাত্রি কালীন পাহারা নিশ্চিত করণ প্রসঙ্গে ঃ সভাপতি সাহেবের অনুমতি ক্রমে জনাব মোঃ দেলোয়ার হোসেন ইউপি সদস্য ৭নং ওয়ার্ড বলেন যে, যেহেতু সামনে জাতীয় সংসদ নির্বাচন কোন ক্রমেই সরকার বিরোধী কাজ করা যাবে না এবং কোন হরতাল, অবরত, বিভিন্ন প্রকার নাশকতা যদি কেউ জড়িত থাকে তাহলে সঙ্গে সঙ্গে চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, থানা ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে। সভাপতি সাহেব বলেন আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদের দায়িত্ব পালনকালে ওয়ার্ড এলাকায় গেলে তাদেরকে আইনগত সহায়তা করতে হবে বলে উপস্থিত সবার দৃষ্টি আর্ষন করেন। তিনি এ বিষয়ে গ্রাম পুলিশ জনাব মোঃ সাদেক সেখের দৃষ্টি আকর্ষন পূর্বক এলাকার রাত্রি কালীন পাহারা নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদানের জন্য উপস্থিত সকল সদস্যর দৃষ্টি আকর্ষণ করেন। সর্বশেষ সভাপতি সাহেব আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির কোন আশঙ্কা দেখা দিলে অবিলম্বে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন মর্মে উপস্থিত সকল সদস্যকে নির্দেশ প্রদান করেন । উপস্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রত্যেক ওয়ার্ডে রাত্রি কালীন পাহারা নিশ্চিত করার জন্য গ্রাম পুলিশগণ কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

অতঃপর সভার অন্য কোন আলোচনা না হওয়ায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মাদ ইমরান হোসেন)
চেয়ারম্যান
১নং ঘোষপুর ইউনিয়ন পরিষদ,
বোয়ালমারী, ফরিদপুর।

স্মারক নং: ২৪.২৯.০১০.১৮.৩৫.১১.২০২৩.(৮২)
তারিখ: ১৩/১১/২০২৩ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ
১। উপ-পরিচালক,(উপসচিব)স্থানীয় সরকার,ফরিদপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী,ফরিদপুর।
৩। নোটিশ বোর্ড।
৪। অফিস নথি।

(মোহাম্মাদ রিবুল হোসেন)
সচিব
১নং ঘোষপুর ইউনিয়ন পরিষদ,
বোয়ালমারী, ফরিদপুর